শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.৪২.০০০০.০০০.১১.০০৬.১৫-৪৬৯

তারিখ: ০৯ চৈত্র ১৪২৯
২৩ মার্চ ২০২৩

**বিষয়: পটুয়াখালী জেলা পরিষদে সাংগঠনিক কাঠামোভুক্ত শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।**

সূত্র: জেলা পরিষদ, পটুয়াখালী এর স্মারক ৪৬.১০.৭৮০০.০০০.০১.০৪৭.২০-৩৬, তারিখ: ২২/০২/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে পটুয়াখালী জেলা পরিষদ কর্তৃক ০৫(পাঁচ) টি ক্যাটাগরির ০৮(আট) টি পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদানের প্রস্তাব পাওয়া যায়। স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯০ যথাযথ অনুসরণপূর্বক জেলা পরিষদ, পটুয়াখালী এর নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো:

| ক্রম | পদের নাম | শূন্য পদ সংখ্যা |
|---|---|---|
| ১. | সাঁটলিপিকার | ১(এক)টি |
| ২. | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | ১(এক)টি |
| ৩. | গাড়ী চালক | ১(এক)টি |
| ৪. | অফিস সহায়ক | ০৪(চার)টি |
| ৫. | বার্তা বাহক | ১(এক)টি |
| | মোট= | ০৮(আট)টি |

২। পাশাপাশি 'পরিচ্ছন্নতা কর্মী' পদটি আউটসোর্সিং এর পদ, বিধায় উক্ত সেবাটি আউটসোর্সিং প্রক্রিয়ায় ক্রয়ের লক্ষ্যে অর্থ বিভাগের আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী **(নির্ধারিত ছক) (কপি সংযুক্ত)** অনুযায়ী পূর্ণাঙ্গ তথ্য যথাযথভাবে উল্লেখ করে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

**শর্তাবলী:**

১. পদসমূহ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রিট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে, তবে আদালতের নির্দেশনা যথাযথ বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
২. প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত জনবল নিয়োগ করা হলে সেক্ষেত্রে তথ্য প্রদানকারী/নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।
৩. সাংগঠনিক কাঠামো ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম, বেতন গ্রেড এবং সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি পদের বিপরীতে মঞ্জুরীকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটিলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
৪. পদসমূহ পূরণের ক্ষেত্রে ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ৬(ছয়) মাস এবং উক্ত মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;
৫. নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ নীতিমালা ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৬. নিয়োগ প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করে ১৫(পনের) দিনের মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে;
৭. পদসমূহ পূরণ করার ক্ষেত্রে কমপক্ষে বহুল প্রচারিত ২(দুই)টি জাতীয় দৈনিক পত্রিকায় ও অফিসিয়াল ওয়েবসাইটে বিজ্ঞপ্তি জারি করতে হবে।

মোহাম্মদ সামছুল হক
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd

বিতরণ:

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, পটুয়াখালী।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পটুয়াখালী।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো]।

## আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবা ক্রয়ের প্রস্তাব প্রেরণের 'ছক'

| | | |
|---|---|---|
| ০১. | প্রস্তাবকারী প্রতিষ্ঠানের নাম ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নাম | : |
| ০২. | প্রস্তাবিত সেবার নাম ও সেবাকর্মীর সংখ্যা | : |
| ০৩. | হালনাগাদ সাংগঠনিক কাঠামোর কপি | : |
| ০৪. | প্রস্তাবিত সেবা ক্রয়ের অনুকূলে যৌক্তিকতা | : |
| ০৫. | যে সকল সেবা ক্রয়ের প্রস্তাব করা হয়েছে সে সকল সেবা বর্তমানে কিভাবে গ্রহণ করা হচ্ছে সে সংক্রান্ত তথ্য | : |
| ০৬. | আউটসোর্সিং প্রক্রিয়ায় বর্তমানে যে সকল সেবা গ্রহণ করা হচ্ছে সে সকল ক্ষেত্রে সম্পাদিত চুক্তির মেয়াদ সংক্রান্ত তথ্য | : |
| ০৭. | যে সকল সেবা ক্রয়ের প্রস্তাব করা হয়েছে সে সকল সেবা/কাজের জন্য বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে কোনো পদ/জনবল আছে কিনা, থাকলে তার পদভিত্তিক সংখ্যা | : |
| ০৮. | সেবা ক্রয়ের ক্ষেত্রে সেবা ক্রয়কারীর অনুকূলে নির্ধারিত কোডে বাজেট বরাদ্দ আছে কিনা | : |
| ০৯. | নিরাপত্তা প্রহরীর সেবা ক্রয়ের প্রস্তাবের ক্ষেত্রে দপ্তরটি নিজস্ব ভবনে না ভাড়া বাড়িতে না সরকারি ভবনে অবস্থিত তার তথ্য | : |
| ১০. | আউটসোর্সিং প্রক্রিয়ায় শিক্ষা প্রতিষ্ঠানে সেবা ক্রয়ের ক্ষেত্রে প্রতিষ্ঠানের শিক্ষার্থী সংখ্যা, শিক্ষক এবং অন্যান্য জনবল সংখ্যা এবং শিক্ষা প্রতিষ্ঠানের অবস্থান সংক্রান্ত তথ্য | : |
| ১১. | আউটসোর্সিং প্রক্রিয়ায় হাসপাতালের সেবা ক্রয়ের ক্ষেত্রে হাসপাতালের বেড সংখ্যা, রোগীর সংখ্যা, ডাক্তার ও অন্যান্য জনবল এবং হাসপাতালের আকার ও আয়তন | : |
| ১২. | অতিরিক্ত কোনো বক্তব্য যদি থাকে | : |

**সচিব**
**(প্রশাসনিক মন্ত্রণালয়)**